

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৯২-আইন/২০২৪/৪৪/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত Heading 48.10 এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত সকল H.S. Codes এর বিপরীতে উল্লিখিত পণ্যসমূহের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ১৫% (পনের শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ হইতে অব্যাহতি প্রদান করিল।

২। ২৯ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ২১৯-আইন/২০১৯/৩৭/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। ইহা ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।